# অর্ধবার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন

অর্থবছর: ২০২৪-২০২৫


কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

# অর্ধবার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন

অর্থবছরঃ ২০২৪-২০২৫


## কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

# অর্ধবার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন

**প্রকাশক**
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**উপদেষ্টা**
মোঃ অব্দুল কাইয়ূম
মহাপরিচালক (গ্রেড-১)
এনআইএলজি, ঢাকা।

**প্রণয়নে**
মোঃ রাজা মিয়া, পরিচালক, কর্মসূচি ও মূল্যায়ন (যুগ্মসচিব), এনআইএলজি, ঢাকা
মোহাম্মদ সানোয়ার হোসেন, যুগ্মপরিচালক, কর্মসূচি ও মূল্যায়ন (উপসচিব), এনআইএলজি, ঢাকা
মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা, এনআইএলজি, ঢাকা

**স্বত্ব**
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

**প্রকাশকাল**
ডিসেম্বর, ২০২৪



মহাপরিচালক
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

# মুখবন্ধ

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) স্থানীয় সরকার ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধির জন্য ধারাবাহিক ভাবে জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য প্রশিক্ষণ বাস্তবায়ন করে আসছে। বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্সের মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ কর্মসূচি ও মূল্যায়ন বিভাগের একটি নিয়মিত কাজ। কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ প্রতি বছর ২ টি প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করে থাকে যার একটি অর্ধবার্ষিক ও অপরটি বার্ষিক। প্রতিবেদন প্রকাশের মাধ্যমে প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নের পার্থক্য জানা যায়। এছাড়া কোর্স ব্যবস্থাপনা ও সার্বিক বিষয়ে প্রশিক্ষণার্থীগণের মতামত জানার সুযোগ সৃষ্টি হয় যা পরবর্তী প্রশিক্ষণের গুণগতমান উন্নয়নে সহযোগিতা করে থাকে। ইতোমধ্যে বাস্তবায়িত প্রশিক্ষণের মূল্যায়ন পর্যালোচনায় অর্ধবার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে। এতে ৬ টি অধ্যায়ে অত্যন্ত সুন্দর ভাবে সারণী ও চার্ট ব্যবহার করে বিভিন্ন শিরোনামের ২০ টি ব্যাচের ৮৮৫ জন প্রশিক্ষণার্থীর মূল্যায়ন উপস্থাপন করা হয়েছে।

আমি বিশ্বাস করি প্রতিবেদনটি প্রতিষ্ঠানের প্রশিক্ষণের মানোন্নয়ন, গবেষণা কাজের গৌণ তথ্য সহায়তা ও প্রশাসনিক যেমন-হোস্টেল ও ডাইনিং ব্যবস্থাপনাসহ সার্বিক উন্নয়নে সহায়ক হবে। প্রতিবেদনটি প্রণয়নে যারা অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মোঃ আব্দুল কাইয়ূম

# সুচীপত্র



| বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|
| **প্রথম অধ্যায়**<br>**ভূমিকা ও সারসংক্ষেপ** | |
| ভূমিকা | ১ |
| সারসংক্ষেপ | |
| **দ্বিতীয় অধ্যায়**<br>**হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স** | |
| কোর্স সম্পর্কে ধারণা | ৩-৬ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল | |
| কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |
| আবাসন ব্যবস্থা | |
| ডাইনিং ব্যবস্থাপনা | |
| কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত | |
| **তৃতীয় অধ্যায়**<br>**ইউনিয়ন পরিষদ 'সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা প্রশিক্ষণ' কোর্স** | |
| কোর্স সম্পর্কে ধারণা | ৭-৯ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল | |
| কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |
| আবাসন ব্যবস্থাপনা সম্পর্কে মতামত | |
| কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত | |
| **চতুর্থ অধ্যায়**<br>**গ্রামপুলিশ বাহিনীর সদস্যগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স** | |
| কোর্স সম্পর্কে ধারণা | ১০-১৩ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল | |
| কোর্স মূল্যায়ন | |

| | |
|---|---|
| **পঞ্চম অধ্যায়**<br>**উপজেলা পর্যায়ে বাস্তবায়িত গ্রাম পুলিশ বাহিনীর বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স মূল্যায়ন** | |
| মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রশিক্ষণ মূল্যায়ন | ১৪-১৫ |
| উপজেলা পর্যায়ে বাস্তবায়িত প্রশিক্ষণের ভেন্যু সুবিধা | |
| অংশগ্রহণমূলক প্রশিক্ষণ | |
| আলোচ্য বিষয়ের প্রাসঙ্গিকতা | |
| প্রশিক্ষণার্থীগণের শৃঙ্খলা | |
| প্রশিক্ষণার্থীগণের সময়ানুবর্তিতা | |
| উপজেলা পর্যায়ে আবাসন ব্যবস্থা | |
| উপজেলা পর্যায়ে খাবার ব্যবস্থা | |
| কোর্স সমন্বয়ক ও সহায়কগণের দায়িত্ব পালন | |
| কোর্স সম্পর্কে প্রশিক্ষণার্থীগণের মতামত | |
| কোর্স সম্পর্কে কোর্স পরিচালক ও সমন্বয়কগণের মতামত | |
| **ষষ্ঠ অধ্যায়**<br>**ফলাফল ও সুপারিশ** | |
| ফলাফল ও সুপারিশ | ১৬-১৭ |
| উপসংহার | |

## প্রথম অধ্যায়
## ভূমিকা ও সারসংক্ষেপ

### ১.০ ভূমিকা:

বাংলাদেশে স্থানীয় সরকার ব্যবস্থায় সম্পৃক্ত মানব সম্পদ উন্নয়নে নিয়োজিত একমাত্র জাতীয় প্রতিষ্ঠান জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)। গত ৫৫ বছর যাবত এ প্রতিষ্ঠানটি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালী, গতিশীল ও জনবান্ধব করে গড়ে তুলতে আধুনিক পদ্ধতি, কলাকৌশল ও উপকরণ ভিত্তিক প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। এনআইএলজি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য যেসব প্রশিক্ষণের আয়োজন করে থাকে তার মধ্যে অন্যতম হচ্ছে- পৌর নির্বাহী কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ হিসাব সহকারি কাম-কম্পিউটার অপারেটর ও ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর জন্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স। নির্বাচিত জন প্রতিনিধিদের জন্য মৌলিক/অবহিতকরণ কোর্স। রিফ্রেশার্স কোর্স; প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কোর্স; চাহিদা ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ কোর্স ইত্যাদি। এসব প্রশিক্ষণের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের মেধা ও দক্ষতাকে আরো শাণিত করার সুযোগ পান। এনআইএলজি সেই লক্ষ্যে দক্ষ প্রশিক্ষকদের মাধ্যমে এধরনের প্রশিক্ষণের আয়োজন করে থাকে।

এনআইএলজি ইতোমধ্যে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে জেলা পর্যায়ে ১৪ সদস্য বিশিষ্ট জেলা রিসোর্স টিম (ডিআরটি) এবং উপজেলা পর্যায়ে ১২ সদস্য বিশিষ্ট উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) গঠন করেছে। এ দু'টি টিমের মূল উদ্দেশ্য এনআইএলজি থেকে মাঠ পর্যায়ে আয়োজিত সকল প্রশিক্ষণ কোর্স সফলভাবে বাস্তবায়ন করা ও এনআইএলজিকে সার্বিক সহয়োগিতা করা। ইতোমধ্যে দু'টি টিম যথাযথভাবে এনআইএলজি কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্সগুলো সফলতার সাথে বাস্তবায়ন করছে। এনআইএলজি ও মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রশিক্ষণের তথ্য উপাত্ত্বের ভিত্তিতে প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে।

### ১.১ সারসংক্ষেপ:

প্রতিবেদনটিতে বাস্তবায়িত প্রশিক্ষণের মধ্যে যেসব প্রশিক্ষণের মূল্যায়ন ফলাফল কর্মসূচি ও মূল্যায়ন বিভাগে জমা হয়েছে সেসব প্রশিক্ষণ কোর্সগুলোর প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ও কোর্স মূল্যায়ন ফলাফল যুক্ত করা হয়েছে। বাস্তবায়িত কোর্সগুলো হলো- (১) ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স (২) ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর জন্য 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স (৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের জন্য 'সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা' প্রশিক্ষণ কোর্স। অনুষ্ঠিত কোর্সগুলোর মধ্যে (১) ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি' প্রশিক্ষণ ৪ টি ব্যাচ (২) ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর জন্য 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স ৬ টি ব্যাচ (৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের জন্য 'সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা' প্রশিক্ষণ কোর্স ১০ টি ব্যাচ। প্রাপ্ত মোট ২০ টি ব্যাচ থেকে ৮৮৫ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল এবং কোর্স মূল্যায়ন ফলাফলের উপর প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী সামগ্রিক মূল্যায়ন ফলাফল বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় গড়ে সর্বনিম্ন নাম্বার (০১-১০) প্রাপ্তির শতকরা হার ছিল ৫২% যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফলে সর্বনিম্ন নাম্বার প্রাপ্তির শতকরা হার কমে হয়েছে ০১%। প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন ফলাফলে মধ্য মানের (১১-২০) গড় নাম্বার প্রাপ্তির শতকরা হার ছিল ৪১% যা প্রশিক্ষণ পরবর্তী নিম্নমান থেকে বৃদ্ধি পেয়ে মধ্য মানের নাম্বার প্রাপ্তির শতকরা হার হয়েছে ৬৩% এবং প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় গড়ে সর্বোচ্চ নাম্বার (২১-২৫) প্রাপ্তির হার ছিল ০৭% যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফলে বৃদ্ধি পেয়ে শতকরা হার ৩৬% হয়েছে। প্রাপ্ত ফলাফলে দেখা যায়, অধিকাংশ প্রশিক্ষণার্থীগণের বিষয়ভিত্তিক আলোচনায় জ্ঞান ও প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে। প্রশিক্ষণে আলোচ্য বিষয় প্রশিক্ষণার্থীগণের দায়িত্বপালনে প্রাসঙ্গিকতা সম্পর্কে ৭৫% প্রশিক্ষণার্থী বাস্তবায়িত কোর্সগুলো তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক হয়েছে বলে উল্লেখ করেছেন। প্রাসঙ্গিক হয়েছে বলেছেন ২৩% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছেন মাত্র ০২% প্রশিক্ষণার্থী। প্রশিক্ষণে অংশগ্রহণ তাদের দায়িত্ব পালনে সহায়তা বিষয়ে ৭৮% প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ তাদের জন্য খুবই সহায়ক হয়েছে বলে উল্লেখ করেছেন। সহায়ক হয়েছে বলেছেন ২১% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি সহায়ক বলেছেন মাত্র ০১% প্রশিক্ষণার্থী। প্রশিক্ষণ পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে সহায়ক কিনা এ বিষয়ে ৬৬% প্রশিক্ষণার্থী প্রশিক্ষণটি তাদের পেশাগত

জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে খুবই সহায়ক হয়েছে বলে উল্লেখ করেছেন। সহায়ক হয়েছে বলেছেন ৩২% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি সহায়ক বলেছেন মাত্র ০২% প্রশিক্ষণার্থী।

**ভবিষ্যতে কোর্সগুলোতে যেসব বিষয় অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়েছে**

**ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স**

- ইউনিয়ন পরিষদে ডিজিটাল উপকরণ ব্যবহার পদ্ধতি;
- ইন্টারনেট ব্রাউজ ও ই-মেইল ব্যবহার এবং
- খেলাধুলার ইভেন্ট আরও বেশি (ফুটবল ও ক্রিকেট টূর্নামেন্ট) যুক্ত করা।

**ইউপি চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা প্রশিক্ষণ' কোর্স**

- বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন;
- বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া;
- উপজেলা পরিষদের দপ্তরসমূহের পরিচিতি; এবং
- সেবাসমূহ ও ডিজিটাল সেবাসমূহের পরিচিতি।

**গ্রামপুলিশ বাহিনীগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স**

- ইউনিয়ন পরিষদ, নিজের ও পরিবারের পরিস্কার-পরিচ্ছন্নতায় করণীয়;
- উত্তম খাদ্যাভ্যাস তৈরিতে করণীয় এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের আগমনে অভ্যর্থনা ও খাবার পরিবেশন;
- জনসচেতনতা তৈরি ও সরকারের তথ্য প্রচার-প্রচারণাতে করণীয়;
- এনজিও কাজে ও উন্নয়নমূলক কার্যক্রমে তদারকি এবং উন্নয়ন প্রকল্প পর্যবেক্ষণ ও ইউএনওকে রির্পোট প্রদান পদ্ধতি;
- বিভিন্ন মন্ত্রণালয়ের ওয়ার্ড এবং ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন কার্যাবলী;
- নিজেকে সুনাগরিক হিসেবে গড়ে তোলা এবং মানুষকে সঠিক পরামর্শ দেয়া; এবং
- ত্রাণ বিতরণে করণীয় এবং বিভিন্ন জরিপ কার্যক্রমে সহায়তা ও সঠিক তথ্য প্রদান করে, সঠিক উপকারভোগী বা আবেদনকারী যাচাই বাছাইয়ে তথ্য সরবরাহ ইত্যাদি।

**আবাসন ব্যবস্থা**
**এনআইএলজি**

- ওয়াশরুম প্রতিদিন পরিস্কার করা;
- পর্যাপ্ত এরোসলের ব্যবস্থা রাখা, জানালায় নেট ব্যবহার করা; এবং
- হোস্টেল ভবনে ওয়াইফাইয়ের ব্যবস্থা করা।

**মাঠপর্যায়**

- আবাসিক সুবিধাসহ উন্নত প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের ব্যবস্থা করা;

**ডাইনিং ব্যবস্থাপনা**

- ডাইনিং এ সিটিং স্পেস বাড়ানো প্রয়োজন এবং খাবার পরিবেশন আরো স্বাস্থ্যসম্মত হলে ভালো হয়;
- গরমের সময় ডাইনিং (রুম-১) এসি ও ঠান্ডা পানির ব্যবস্থা করা যেতে পারে; এবং
- ডাইনিং ব্যবস্থাপনায় আরো স্টাফ থাকা প্রয়োজন।

## দ্বিতীয় অধ্যায়
## হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স

### ২. ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের জন্য 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স

**২.১ কোর্স সম্পর্কে ধারণা:** ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' গত ২২ সেপ্টেম্বর-০৩ নভেম্বর ২০২৪ তারিখে মোট ৪ টি ব্যাচে এনআইএলজিতে অনুষ্ঠিত হয়। মোট অংশগ্রহণকারী ১৫৯ জন যার মধ্যে নারী ৩২ জন এবং পুরুষ ১২৭ জন। কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের একই প্রশ্নপত্রের মাধ্যমে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী মূল্যায়ন পরীক্ষা গ্রহণ করা হয়। প্রতিটি ব্যাচে ২৫ নম্বরের প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়া, প্রশিক্ষণার্থীগণের মাধ্যমে কোর্স মূল্যায়ন করা হয়। সকল মূল্যায়ন ফলাফল ধারাবাহিকভাবে নিম্নে আলোচনা করা হলো:

**সারণী-১: প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল**


| প্রাপ্ত নম্বর | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর | নম্বরের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০৪-২০ | ০৪ | ০৩ | ০০ | ০০ |
| ০৬-১০ | ২৪-৪০ | ২৭ | ১৭ | ০০ | ০০ |
| ১১-১৫ | ৪৪-৬০ | ৪১ | ২৬ | ০৪ | ৩ |
| ১৬-২০ | ৬৪-৮০ | ৫৬ | ৩৫ | ৫৬ | ৩৫ |
| ২১-২৫ | ৮৪-১০০ | ৩১ | ১৯ | ৯৯ | ৬২ |
| | | ১৫৯ | ১০০ | ১৫৯ | ১০০ |

সারণী-১ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১৫৯ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-০৫ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০৪ জন (০৩%)। ০৬-১০ নম্বর পেয়েছেন ২৭ জন (১৭%)। ১১-১৫ নম্বর পেয়েছেন ৪১ জন (২৬%)। ১৬-২০ নম্বর পেয়েছেন ৫৬ জন (৩৫%) এবং ২১-২৫ নম্বর পেয়েছেন ৩১ জন (১৯%)।

অপরদিকে, প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ১৫৯ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-০৫ এর মধ্যে নম্বর পেয়েছেন ০ জন (০%) । ০৬-১০ নম্বর পেয়েছেন ০ জন (০%)। ১১-১৫ নম্বর পেয়েছেন ০৪ জন (০৩%)। ১৬-২০ নম্বর পেয়েছেন ৫৬ জন (৩৫%) এবং ২১-২৫ নম্বর পেয়েছেন ৯৯ জন (৬২%)।

**২.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ২৫ নম্বরকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে, যার মধ্যে প্রথমটি ১-১০ নম্বর, দ্বিতীয়টি হচ্ছে ১১-২০ এবং তৃতীয়টি ২১-২৫ নম্বর। উক্ত নম্বরের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী প্রাপ্ত নম্বর প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে। যা নিম্নরূপ-

**চার্ট-১: প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন**




| | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
|---|---|---|---|---|
| ০১-১০ | ৩১ | ২৫ | ০ | ০ |
| ১১-২০ | ৯৭ | ৭৮ | ৬০ | ৪৮ |
| ২১-২৫ | ৩১ | ২৫ | ৯৯ | ৭৯ |

চার্ট-১ বিশ্লেষণে দেখা যায়, ১৫৯ জন প্রশিক্ষণার্থীর মধ্যে প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়নে ১-১০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩১ জন (২৫%)। ১১-২০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থী সংখ্যা ৯৭ জন (৭৮%) এবং ২১-২৫ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩১ জন (২৫%)।

অপরদিকে, প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ১৫৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ১-১০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০০ জন (০০%)। ১১-২০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৬০ জন (৪৮%) এবং ২১-২৫ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৯৯ জন (৭৯%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১-১০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিল ৩১ জন (২৫%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ০০ জন (০০%)। প্রশিক্ষণ পূর্ব মূল্যায়নে ১১-২০ নম্বর প্রাপ্তির সংখ্যা ছিল ৯৭ জন (৭৮%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে কমে হয়েছে ৬০ জন (৪৮%) এবং দেখা যায় প্রশিক্ষণ পূর্ব মূল্যায়নে ২১-২৫ নম্বর প্রাপ্তির সংখ্যা ছিল ৩১ জন (২৫%) যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে বৃদ্ধি পেয়ে হয়েছে ৯৯ জন (৭৯%)। এতে প্রতিয়মান হয় যে, প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ পূর্বের চেয়ে প্রশিক্ষণ পরবর্তী জানার পরিধি বৃদ্ধি পেয়েছে।

**২.৩ কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মূল্যায়ন

**সারণী-২: কোর্সের বিষয়বস্তু সম্পর্কে দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ১৫০ | ৯৪ |
| প্রাসঙ্গিক | ০৯ | ০৬ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ০০ | ০০ |

সারণী-২ বিশ্লেষণে দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ১৫০ জন (৯৪%), প্রাসঙ্গিক বলেছেন ০৯ জন (০৬%) এবং মোটামুটি প্রাসঙ্গিক কেউই বলেননি।

**সারণী-৩: কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ১৪৭ | ৯২ |
| সহায়ক | ১২ | ০৮ |
| মোটামুটি সহায়ক | ০ | ০০ |

সারণী-৩ বিশ্লেষণে দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ১৪৭ জন (৯২%), সহায়ক বলেছেন ১২ জন (০৮%) এবং মোটামুটি সহায়ক কেউই বলেননি।

**সারণী-৪ প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ১৪৮ | ৯৩ |
| সহায়ক | ১১ | ০৭ |
| মোটামুটি সহায়ক | ০০ | ০০ |

সারণী-৪ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ১৪৮ জন (৯৩%) এবং সহায়ক বলেছেন ১১ জন (০৭%)। মোটামুটি সহায়ক কেউই বলেননি।

### ২.৪ ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায়

- প্রতিটি ক্লাস ৪৫ মিনিট হওয়া এবং ৫ মিনিট বিরতি রাখা প্রয়োজন। এতে ক্লাসের মধ্যে নিদ্রাভাব চলে যাবে;
- সেশনের সময় বৃদ্ধি করে কোর্সটির মেয়াদ ১ মাস করা প্রয়োজন;
- প্রশিক্ষণের সময় সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত সীমাবদ্ধ রাখা যেতে পারে। এরপর ক্লাস রাখা হলে মনোযোগ রাখা যায় না। এছাড়া অনটাইমে ক্লাস শুরু এবং শেষ হলে ভাল হয়;
- ফিল্ড ভিজিটের সময় বৃদ্ধি করে চার দিন করা যেতে পারে। ২দিন যেকোনো ইউনিয়ন পরিষদে হাতে কলমে শেখার ব্যবস্থা রাখা প্রয়োজন;
- ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা, চেয়ারম্যান ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের সম্মিলিত প্রশিক্ষণ প্রয়োজন;
- ডিজিটাল উপকরণ ব্যবহার বিষয়ক সেশন অধিক অন্তর্ভুক্ত করা যেতে পারে। ইউপি জনসাধারণকে কিভাবে ডিজিটাল পদ্ধতিতে ভালমানের সেবা প্রদান করতে পারে সে সম্পর্কে ধারণা প্রদান করা যেতে পারে;
- ইন্টারনেট এর গতি বৃদ্ধি করা হলে অনলাইনভিত্তিক ক্লাস ও পরীক্ষা সময়মত শেষ করা যেতো। ভবিষ্যতে এ ধরনের কোর্সে আরও ইন্টারনেট ব্রাইজ ও ই-মেইল ব্যবহার বিষয়গুলো অন্তর্ভুক্ত করা যেতে পারে; এবং
- খেলাধুলার ইভেন্ট আরও বেশি হলে ভাল হয়।

### ২.৫ আবাসন ব্যবস্থা

- আবাসন ব্যবস্থা ভালো ছিল তবে ওয়াশরুম প্রতিদিন পরিষ্কার পরিচ্ছন্ন রাখলে ভাল হয়;
- পর্যাপ্ত এরোসলের ব্যবস্থা করলে ভাল হয়। মশার যন্ত্রণা থেকে রক্ষার জন্য জানালাতে নেট ব্যবহার করা যেতে পারে;
- হোস্টেল ক্লিনিং ব্যবস্থা আরো উন্নত করা দরকার;
- হোস্টেল ভবনে মোবাইল নেটওয়ার্ক ঠিক ভাবে পাওয়া যায় না তাই ওয়াইফাইয়ের ব্যবস্থা করা প্রয়োজন;
- প্রতিটি রুমের ভেতরে বাথরুমের ব্যবস্থা করা যেতে পারে; এবং
- হোস্টেলরুমে এসি, টেলিভিশন এবং ইন্টারকম নাম্বার এর ব্যবস্থা থাকলে ভালো হয়।

**২.৬ ডাইনিং ব্যবস্থাপনা**

ডাইনিং ব্যবস্থাপনা সম্পর্কে অধিকাংশ প্রশিক্ষণার্থী ভালো বলে তাদের মতামত প্রকাশ করেছেন। তবে কিছু বিষয়ে তাদের সুপারিশ রয়েছে, যেমন-

- ডাইনিং এ সিটিং স্পেস বাড়ানো প্রয়োজন এবং খাবার পরিবেশন আরও স্বাস্থ্যসম্মত হলে ভালো হয়;
- গরমের সময় ডাইনিং (রুম-১) এসি ও ঠান্ডা পানির ব্যবস্থা করা যেতে পারে; এবং
- ডাইনিং ব্যবস্থাপনায় আরো স্টাফ থাকা প্রয়োজন।

**২.৭ কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত:**

কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা অনেক ভালো ছিল। অনেক দক্ষতার সাথে কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা করা হয়েছে বলে তারা উল্লেখ করেন। যে কয়টি বিষয়ে তাদের মতামত ছিল তা হলো-

- **একাধিক দিন ক্লাস শুরু ও শেষ (৯টা-৪টা) হয়নি সময়মত ক্লাস শুরু ও শেষ করা প্রয়োজন।**
- ক্লাসের পাশাপাশি ফুটবল ও ক্রিকেট টুর্নামেন্টের ব্যবস্থা থাকলে ভাল হতো।

## তৃতীয় অধ্যায়
## ইউনিয়ন পরিষদ ‘সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা প্রশিক্ষণ’ কোর্স

### ৩. ইউপি চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের ‘সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা’ প্রশিক্ষণ

**৩.১ কোর্স সম্পর্কে ধারণা:** ইউপি চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের জন্য আয়োজিত ‘সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা’ কোর্সটি দেশের বিভিন্ন উপজেলায় আয়োজন করা হয়েছে। এদের মধ্যে থানচি, বান্দরবান; কলাপাড়া, পটুয়াখালী; কালুখালী ও বালিয়াকান্দি, রাজবাড়ী; বাসাইল, টাঙ্গাইল; তাড়াইল, কিশোরগঞ্জ; শ্যামনগর, সাতক্ষীরা জেলা থেকে মূল্যায়ন ফলাফল পাওয়া গেছে। সংশ্লিষ্ট উপজেলাগুলোতে মোট ৪৮৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে ২৫ নম্বরের একই প্রশ্নপত্রের মাধ্যমে প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন ও পরবর্তী মূল্যায়ন করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ শেষে কোর্স মূল্যায়ন করেছে। মূল্যায়নে প্রাপ্ত ফলাফল নিম্নে উপস্থাপন করা হলো:

**সারণী-৫: প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ণ ফলাফল**


| প্রাপ্ত নম্বর | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর | নম্বরের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০৪-২০ | ১৫০ | ৩১ | ০০ | ০০ |
| ০৬-১০ | ২৪-৪০ | ১৮০ | ৩৭ | ০০ | ০০ |
| ১১-১৫ | ৪৪-৬০ | ১২১ | ২৫ | ২৭১ | ৫৬ |
| ১৬-২০ | ৬৪-৮০ | ৩৫ | ০৭ | ১৩৯ | ২৯ |
| ২১-২৫ | ৮৪-১০০ | ০০ | ০০ | ৭৬ | ১৫ |
| | | ৪৮৬ | ১০০% | ৪৮৬ | ১০০% |

সারণী-৫ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ৪৮৬ জন অংশগ্রহণ করেছেন। ৪৮৬ জনের মধ্যে ০১-০৫ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৫০ জন (৩১%)। ০৬-১০ নম্বর পেয়েছেন ১৮০ জন (৩৭%)। ১১-১৫ নম্বর পেয়েছেন ১২১ জন (২৫%)। ১৬-২০ নম্বর পেয়েছেন ৩৫ জন (০৭%) প্রশিক্ষণার্থী। ২১-২৫ নম্বর কোনো প্রশিক্ষণার্থীই পাননি।

অপরদিকে, প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৪৮৬ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-১০ এর মধ্যে কোনো প্রশিক্ষণার্থীই নম্বর পায়নি। ১১-১৫ নম্বর পেয়েছেন ২৭১ জন (৫৬%)। ১৬-২০ নম্বর পেয়েছেন ১৩৯ জন (২৯%) এবং ২১-২৫ নম্বর পেয়েছেন ৭৬ জন (১৫%)।

**৩.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ২৫ নম্বরকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে, যার মধ্যে ১-১০ নম্বরকে একটি ভাগ, দ্বিতীয় ভাগে ১১-২০ এবং তৃতীয় ভাগে ২১-২৫ নম্বর। উক্ত নম্বরের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী প্রাপ্ত নম্বর প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে। যা নিম্নরূপ-

**চার্ট-২: প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন**




| | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
|---|---|---|---|---|
| ০১-১০ | ৩৩০ | ৬৮ | ০ | ০ |
| ১১-২০ | ১৫৬ | ৩২ | ৪১০ | ৮৪ |
| ২১-২৫ | ০ | ০ | ৭৬ | ১৬ |

চার্ট-২ বিশ্লেষণে দেখা যায়, ৪৮৬ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ১-১০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩৩০ জন (৬৮%)। ১১-২০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৫৬ জন (৩২%) এবং ২১-২৫ এর মধ্যে কোনো প্রশিক্ষণার্থী নম্বর পায়নি।

অপরদিকে, প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৪৮৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-১০ এর মধ্যে কোনো প্রশিক্ষণার্থী নম্বর পায়নি। ১১-২০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৪১০ জন (৮৪%) এবং ২১-২৫ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৭৬ জন (১৬%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১-১০ নম্বর প্রাপ্তির সংখ্যা ছিল ৩৩০ জন (৬৮%) যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ০ জন (০%)। পূর্ববর্তী মূল্যায়নে ১১-২০ নম্বর পেয়েছেন ১৫৬ জন (৩২%) যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় বৃদ্ধি পেয়ে হয়েছে ৪১০ জন (৮৪%) এবং পূর্ব মূল্যায়নে ২১-২৫ নম্বর প্রাপ্ত ছিল ০ জন (০%) যা পরবর্তী মূল্যায়নে বৃদ্ধি পেয়ে হয়েছে ৭৬ জন (১৬%)। এতে প্রমাণিত হয় যে, প্রশিক্ষণ পূর্বের চেয়ে প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীগণের জ্ঞান বা প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

**৩.৩ কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মূল্যায়ন

**সারণী-৬: কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ৩২৭ | ৬৭ |
| প্রাসঙ্গিক | ১৫৪ | ৩২ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ৫ | ০১ |

সারণী-৬ বিশ্লেষণে দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ৩২৭ জন (৬৭%), প্রাসঙ্গিক বলেছেন ১৫৪ জন (৩২%) এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছেন ০৫ জন (০১%)।

**সারণী-৭: কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৩৫৮ | ৭৪ |
| সহায়ক | ১২১ | ২৫ |
| মোটামুটি সহায়ক | ৬ | ০১ |

সারণী-৭ বিশ্লেষণে দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ৩৫৮ জন (৭৪%), সহায়ক হয়েছে বলেছেন ১২১ জন (২৫%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ০৬ জন (০১%)।

**সারণী-৮: প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ২৭৩ | ৫৬ |
| সহায়ক | ২০৯ | ৪৩ |
| মোটামুটি সহায়ক | ৪ | ০১ |

সারণী-৮ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ২৭৩ জন (৫৬%)। সহায়ক বলেছেন ২০৯ জন (৪৩%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ০৪ জন (০১%)।

### ৩.৪ ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায়

- ইউনিয়ন পরিষদের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;
- বার্ষিক ক্রয় পরিকল্পনা;
- উপজেলা পরিষদের ১৮টি দপ্তরের পরিচিতি;
- সেবাসমূহ ও ডিজিটাল সেবাসমূহের পরিচিতি;
- গ্রাম আদালত সম্পর্কিত বিষয়;
- বাল্য বিবাহ সম্পর্কিত বিষয়;
- শুদ্ধাচার কৌশলে আইসিটির ব্যবহার;
- প্রশিক্ষণার্থীদের পারস্পারিক শিখন বা দলভিত্তিক আলোচনা সম্পর্কিত সেশন রাখা যেতে পারে;
- প্রশিক্ষণের হ্যান্ডবুক, ব্যাগ, নোটপ্যাড ও কলম উন্নতমানের হওয়া প্রয়োজন;
- কোর্সের মেয়াদ বৃদ্ধি করে ৫ দিন করা প্রয়োজন;
- স্বাস্থ্যসম্মত খাবারের ব্যবস্থা করা প্রয়োজন; এবং
- আরও অভিজ্ঞ প্রশিক্ষক নিয়োগ করা প্রয়োজন।

**৩.৫ আবাসন ব্যবস্থাপনা সম্পর্কে মতামত:** কোর্সটি আবাসিক ছিল। কিন্তু উপজেলা পর্যায়ে এক সাথে অধিক লোকের আবাসনের পর্যাপ্ত ব্যবস্থা নেই। প্রশিক্ষণের জন্য উন্নত প্রশিক্ষণ কেন্দ্র এবং অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ কেন্দ্রে থাকার ব্যবস্থা করা প্রয়োজন।

### ৩.৬ কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত

- কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা অত্যন্ত মানসম্মত ছিল;
- প্রাণবন্ত আলোচনা হয়েছে। বিষয়ভিত্তিক আলোচনা সুন্দর হয়েছে; এবং
- প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধি করে ইউনিয়ন পরিষদে পারস্পরিক শিখন যুক্ত করা হলে আরও ভাল হবে।

## চতুর্থ অধ্যায়
## গ্রামপুলিশ বাহিনীর সদস্যগণের ‘বুনিয়াদি প্রশিক্ষণ’ কোর্স

### ৪. ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর সদস্যগণের জন্য ‘বুনিয়াদি প্রশিক্ষণ’ কোর্স

**৪.১ কোর্স সম্পর্কে ধারণা:** ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর ‘বুনিয়াদি প্রশিক্ষণ’ ৬ টি ব্যাচের তথ্য যুক্ত করা হয়েছে। ৬ টি ব্যাচে মোট ২৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন যার মধ্যে সবাই পুরুষ। কোর্সগুলো মাঠ পর্যায়ে উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) সদস্যগণের সহযোগিতায় বাস্তবায়ন করা হয়েছে। কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ২৫ নাম্বারের একই প্রশ্নপত্রের মাধ্যমে প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন করা হয়েছে। এছাড়া, প্রশিক্ষণার্থীগণের মাধ্যমে কোর্স মূল্যায়ন করা হয়। সকল মূল্যায়ন ফলাফল ধারাবাহিকভাবে নিম্নে আলোচনা করা হলো:

**সারণী-৯: প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন**


| প্রাপ্ত নম্বর | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর | নম্বরের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০৪-২০ | ৪২ | ১৭.৫ | ১ | ০.৫ |
| ০৬-১০ | ২৪-৪০ | ৫৯ | ২৪.৫ | ৪ | ১.৫ |
| ১১-১৫ | ৪৪-৬০ | ৬৬ | ২৭.৫ | ৮ | ০৩ |
| ১৬-২০ | ৬৪-৮০ | ৪৩ | ১৮ | ৭৯ | ৩৩ |
| ২১-২৫ | ৮৪-১০০ | ৩০ | ১২.৫ | ১৪৮ | ৬১.৫ |
| | | ২৪০ | ১০০ | ২৪০ | ১০০ |

সারণী-৯ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ২৪০ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-০৫ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৪২ জন (১৭.৫%)। ০৬-১০ নম্বর পেয়েছেন ৫৯ জন (২৪.৫%)। ১১-১৫ নম্বর পেয়েছেন ৬৬ জন (২৭.৫%)। ১৬-২০ নম্বর পেয়েছেন ৪৩ জন (১৮%) এবং ২১-২৫ নম্বর পেয়েছেন ৩০ জন (১২.৫%)।

অপরদিকে, প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ২৪০ জনের মধ্যে ০১-০৫ নম্বর পেয়েছেন ১ জন (০.৫%)। ০৬-১০ এর মধ্যে নম্বর পেয়েছেন ০৪ জন (১.৫%)। ১১-১৫ নম্বর পেয়েছেন ৮ জন (০৪%)। ১৬-২০ নম্বর পেয়েছেন ৭৯ জন (৩৩%)। ২১-২৫ নম্বর পেয়েছেন ১৪৮ জন (৬১.৫%)।

**৪.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ২৫ নম্বরকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে যার মধ্যে ১-১০ নম্বরকে একটি, দ্বিতীয়টি ১১-২০ এবং অপর ভাগে ২১-২৫ নম্বর। উক্ত নম্বরের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী প্রাপ্ত নম্বর প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে। যা নিম্নরূপ-

**চার্ট-৩: প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন**




চার্ট-৩ বিশ্লেষণে দেখা যায়, ২৪০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ১-১০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১০১ জন (৪২%)। ১১-২০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১০৯ জন (৪৫%) এবং ২১-২৫ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০ জন (১৩%)।

অপরদিকে, প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ২৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ১-১০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০৫ জন (০২%)। ১১-২০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৮৭ জন (৩৬%) এবং ২১-২৫ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৪৮ জন (৬২%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১-১০ নম্বর প্রাপ্তির সংখ্যা ছিল ১০১ জন (৪২%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে মাত্র ০৫ জন (০২%)। পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১১-২০ নম্বর প্রাপ্ত প্রশিক্ষণার্থী ছিল ১০৯ জন (৪৫%); যা পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় হয়েছে ৮৭ জন (৩৬%) এবং নম্বর বেশি প্রাপ্তির সংখ্যা অর্থাৎ ২১-২৫ প্রশিক্ষণ পূর্ববর্তী পরীক্ষায় ছিল ৩০ জন (১৩%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় বৃদ্ধি পেয়ে হয়েছে ১৪৮ জন (৬২%)। এতে প্রমাণিত হয় যে, প্রশিক্ষণ পূর্বের চেয়ে প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীগণের জ্ঞান বা প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

**৪.৩ কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন, প্রশিক্ষণ কোর্সের সামগ্রিক লক্ষ্য, প্রশিক্ষণে ব্যবহৃত উপকরণ ও প্রশিক্ষণ পদ্ধতি, ক্লাসরুম, ভেন্যু, নাস্তা ও আপ্যায়ন এবং কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে মতামত সম্পর্কিত মুল্যায়ন

**সারণী-১০ কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ১৮৩ | ৭৬ |
| প্রাসঙ্গিক | ৪২ | ২৮ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ১৫ | ০৬ |

সারণী-১০ বিশ্লেষণে দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ১৮৩ জন (৭৬%), প্রাসঙ্গিক বলেছেন ৪২ জন (২৮%) এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছেন ১৫ জন (০৬%)।

**সারণী-১১ কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ১৭৬ | ৭৩ |
| সহায়ক | ৫৫ | ২৩ |
| মোটামুটি সহায়ক | ০৯ | ০৪ |

সারণী-১১ বিশ্লেষণে দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ১৭৬ জন (৭৩%), সহায়ক হয়েছে বলেছেন ৫৫ জন (২৩%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ০৯ জন (০৪%)।

**সারণী-১২ প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ১৬৬ | ৬৯ |
| সহায়ক | ৬১ | ২৬ |
| মোটামুটি সহায়ক | ১৩ | ০৫ |

সারণী-১২ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ১৬৬ জন (৬৯%) এবং সহায়ক বলেছেন ৬১ জন (২৬%)। মোটামুটি সহায়ক বলেছেন ১৩ জন (০৫%)।

**সারণী-১৩ প্রশিক্ষণ কোর্সের সামগ্রিক লক্ষ্য কতখানি অর্জিত হয়েছে**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| পুরোপুর অর্জিত হয়েছে | ১৩৫ | ৫৬ |
| অর্জিত হয়েছে | ৮৬ | ৩৬ |
| মোটামুটি অর্জিত হয়েছে | ১৯ | ০৮ |

সারণী-১৩ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণ কোর্সের সামগ্রিক লক্ষ্য অর্জন সম্পর্কে জানতে চাইলে পুরোপুরি অর্জিত হয়েছে বলেছেন ১৩৫ জন (৫৬%) এবং অর্জিত হয়েছে বলেছেন ৮৬ জন (৩৬%)। মোটামুটি অর্জিত হয়েছে বলেছেন ১৯ জন (০৮%)।

**সারণী-১৪ প্রশিক্ষণে ব্যবহৃত উপকরণ ও প্রশিক্ষণ পদ্ধতি কতখানি কার্যকর**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই কার্যকর | ১৫০ | ৬৩ |
| কার্যকর | ৬৪ | ২৭ |
| মোটামুটি কার্যকর | ২৬ | ১০ |

সারণী-১৪ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণে ব্যবহৃত উপকরণ ও প্রশিক্ষণ পদ্ধতি কতখানি কার্যকর জানতে চাইলে খুবই কার্যকর বলেছেন ১৫০ জন (৬৩%) এবং কার্যকর বলেছেন ৬৪ জন (২৭%)। মোটামুটি কার্যকর বলেছেন ২৬ জন (১০%)।

**সারণী-১৫ ক্লাসরুম ও ভেন্যু প্রশিক্ষণ সহায়ক ছিল কিনা**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ১৪৫ | ৬০ |
| সহায়ক | ৭৯ | ৩৩ |
| মোটামুটি সহায়ক | ১৬ | ০৭ |

সারণী-১৫ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণ ক্লাসরুম ও ভেন্যু সহায়ক ছিল কিনা জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ১৪৫ জন (৬০%) এবং সহায়ক বলেছেন ৭৯ জন (৩৩%)। মোটামুটি সহায়ক বলেছেন ১৬ জন (০৭%)।

**সারণী-১৬ নাস্তা ও আপ্যায়ন**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই ভালো | ১২৯ | ৫৪ |
| ভালো | ৪৭ | ২০ |
| মোটামুটি ভালো | ৬৪ | ২৬ |

সারণী-১৬ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণে ব্যবহৃত নাস্তা ও আপ্যায়ন সম্পর্কে জানতে চাইলে খুবই ভালো বলেছেন ১২৯ জন (৫৪%) এবং ভালো বলেছেন ৪৭ জন (২০%)। মোটামুটি ভালো বলেছেন ৬৪ জন (২৬%)।

**সারণী-১৭ কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে মতামত**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই ভালো | ২০১ | ৮৪ |
| ভালো | ৩০ | ১২ |
| মোটামুটি ভালো | ০৯ | ০৪ |

সারণী-১৭ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণ কোর্স পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পর্কে জানতে চাইলে খুবই ভালো বলেছেন ২০১ জন (৮৪%) এবং ভালো বলেছেন ৩০ জন (১২%)। মোটামুটি ভালো বলেছেন ০৯ জন (০৪%)।

## পঞ্চম অধ্যায়
## উপজেলা পর্যায়ে বাস্তবায়িত গ্রাম পুলিশ বাহিনীর বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স মূল্যায়ন

**৫. মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রশিক্ষণ মূল্যায়ন:** জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ মূল্যায়ন করা প্রতিষ্ঠানের কর্মসূচি ও মূল্যায়ন বিভাগের একটি নিয়মিত কাজ। এ কাজের ধারাবাহিকতায় এনআইএলজি থেকে ২০২৪-২০২৫ অর্থ বছরে মাঠ পর্যায়ে বাস্তবায়িত ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর 'বুনিয়াদি প্রশিক্ষণ' ৩৩ টি ব্যাচের মধ্যে প্রশিক্ষণ চলাকালীন ৪ টি উপজেলায় ৪ টি প্রশিক্ষণ কোর্স মূল্যায়ন করা হয়েছে। মূল্যায়নে যেসব বিষয়গুলোকে গুরুত্ব দিয়ে তথ্য সংগ্রহ করা হয়েছে তা নিম্নে ধারাবাহিকভাবে উপস্থাপন করা হলো।

**৫.১ উপজেলা পর্যায়ে বাস্তবায়িত প্রশিক্ষণের ভেন্যু সুবিধা:** প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ ভেন্যু অত্যন্ত গুরুত্বপূর্ণ। উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ আয়োজনে যেসব ভেন্যু ব্যবহার করা হয়েছে তা নিম্নরূপ-

**সারণী-১৮: ভেন্যু সুবিধা**

| ক্র: নং | জেলা | উপজেলা | ভেন্যু |
|---|---|---|---|
| ১. | নড়াইল | নড়াইল সদর | উপজেলা পরিষদ হল রুম |
| ২. | সুনামগঞ্জ | সুনামগঞ্জ সদর | উপজেলা পরিষদ হল রুম |
| ৩. | গাইবান্ধা | গাইবান্ধা সদর | উপজেলা পরিষদ সভা কক্ষ |
| ৪. | চাঁদপুর | চাঁদপুর সদর | উপজেলা পরিষদ সভা কক্ষ |

সারণী-১৮ পর্যালোচনায় দেখা যায়, উপজেলা পরিষদের হলরুমগুলোতে পর্যাপ্ত স্পেস থাকায় প্রশিক্ষকগণ বিষয়বস্তু আলোচনার সময় প্রশিক্ষণার্থীগণের কাছাকাছি যাওয়া সম্ভব হয়েছে। প্রশিক্ষণার্থীগণ মনোযোগী হয়েছেন। অপরদিকে উপজেলা পরিষদ সভা কক্ষে আয়োজিত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীগণের বসার স্থান কিছুটা সংকুচিত থাকায় প্রশিক্ষকগণ প্রশিক্ষণার্থীগণের কাছাকাছি হতে কিছুটা সমস্যা হয়েছে এবং প্রশিক্ষণার্থীগণের মনোযোগ আর্কষণ কিছুটা কম হয়েছে।

**৫.২ অংশগ্রহণমূলক প্রশিক্ষণ:** প্রশিক্ষণগুলো অংশগ্রহণমূলক ছিল। অধিকাংশ প্রশিক্ষণার্থী সক্রিয়ভাবে বিভিন্ন বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেছেন। এনআইএলজি এর প্রশিক্ষকগণ কিছু সেশনে গ্রুপ ওয়ার্ক করিয়েছেন। যেমন- সভা আয়োজন, গ্রাম আদালত পরিচালনা ইত্যাদি।

**৫.৩ আলোচ্য বিষয়ের প্রাসঙ্গিকতা:** মূল্যায়নকালে দেখা যায়, প্রশিক্ষণের সংশ্লিষ্ট টপিকের সাথে আলোচনার প্রাসঙ্গিকতা ছিল। উপজেলা পর্যায়ের আলোচকগণ নির্ধারিত বিষয়ের পাশাপাশি নিজস্ব বিভাগীয় বিষয় নিয়েও আলোচনা করেছেন।

**৫.৪ প্রশিক্ষণার্থীগণের শৃঙ্খলা:** প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণের শৃংখলা মেনেই প্রশিক্ষণে অংশগ্রহণ করছেন। তবে এ ধরনের প্রশিক্ষণ তাদের কাছে একেবারেই নতুন বিধায় প্রথম দিকে কিছু সমস্যা ছিল।

**৫.৫ প্রশিক্ষণার্থীগণের সময়ানুবর্তিতা:** প্রশিক্ষণার্থীগণ সময়মতই সব ধরনের কার্যক্রমে অংশগ্রহণ করছেন। কোর্স কর্তৃপক্ষ এ ব্যাপারে যথেষ্ট সচেতন ছিলেন। প্রশিক্ষণার্থীগণের উপজেলা পর্যায়ে থাকার ব্যবস্থা হওয়ায় সময় অনুযায়ী কার্যক্রম তাদের জন্য সহজ হয়েছে।

**৫.৬ উপজেলা পর্যায়ে আবাসন ব্যবস্থা:** ৪ টি উপজেলায় প্রশিক্ষণার্থীদের নিম্নরূপ আবাসনের সুবিধা প্রদান করা হয়েছে-

**সারণী-১৯: আবাসন ব্যবস্থা**

| ক্র: নং | জেলা | উপজেলা | আবাসন ব্যবস্থা |
|---|---|---|---|
| ১. | নড়াইল | নড়াইল সদর | জেলা শিল্পকলা একাডেমিতে |
| ২. | সুনামগঞ্জ | সুনামগঞ্জ সদর | বাসা থেকে আসা যাওয়া |
| ৩. | গাইবান্ধা | গাইবান্ধা সদর | উপজেলা পরিষদ হল রুম |
| ৪. | চাঁদপুর | চাঁদপুর সদর | চাঁদপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ |

সারণী-১৯ বিশ্লেষণে দেখা যায়, শুধু সুনামগঞ্জ সদর উপজেলায় আবাসনের ব্যবস্থা ছিলনা। অন্য ৩ টি উপজেলা প্রশিক্ষণার্থীগণের থাকার ব্যবস্থা ছিল। উপজেলা পর্যায়ে আবাসনের ব্যবস্থা থাকায় পিটি ও ক্লাসে অংশগ্রহণ সহজ হয়েছে। নির্ধারিত কোনো আবাসিক প্রশিক্ষণ ভেন্যুতে প্রশিক্ষণ হলে তাদের জন্য আরও ভালো হতো বলে প্রশিক্ষণার্থীগণ উল্লেখ করেছেন।

**৫.৭ উপজেলা পর্যায়ে খাবার ব্যবস্থা:** নড়াইল, সুনামগঞ্জ ও চাঁদপুর উপজেলা মানসম্মত হোটেল থেকে রান্না করা খাবার পরিবেশন করেছে। গাইবান্ধা সদর নির্ধারিত বাবুর্চি দিয়ে উপজেলা পর্যায়ে রান্না করা খাবার পরিবেশন করেছেন। খাবারের মান সম্পর্কে প্রশিক্ষণার্থীগণের কাছ থেকে কোন অভিযোগ পাওয়া যায়নি। এছাড়া সকাল ১১ ঘটিকা ও বিকাল ৩.৩০/৪ ঘটিকায় হালকা নাস্তা ও চা প্রদান করা হয়েছে।

**৫.৮ কোর্স সমন্বয়ক ও সহায়কগণের দায়িত্ব পালন:** যেহেতু উপজেলা পরিষদের নিজস্ব হলরূম/সভা কক্ষে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাই কোর্স সমন্বয়কগণের পক্ষে কোর্সটির ব্যবস্থাপনা সহজ ছিল। সমন্বয়কগণের পাশাপাশি উপজেলা প্রশাসনিক কর্মকর্তা, উপপ্রশাসনিক কর্মকর্তা ও সিএগণ সার্বক্ষণিকভাবে কাছ থেকেই প্রশিক্ষণ কার্যক্রম ব্যবস্থাপনায় যুক্ত ছিলেন। কোর্স সমন্বয়ক ও কোর্স সহায়কগণ খুব গুরুত্বের সাথে দায়িত্ব পালন করছেন।

**৫.৯ কোর্স সম্পর্কে প্রশিক্ষণার্থীগণের মতামত:** প্রশিক্ষণার্থীগণ এই প্রশিক্ষণটিকে খুবই ইতিবাচক হিসেবে দেখেছেন। অনেকে বলেছেন যে, এর আগে জীবনে তারা কখনোই এ রকম প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাননি। তারা বলেছেন, তাদের চাকরি এবং ব্যক্তি জীবনে এ ধরনের প্রশিক্ষণ কার্যকরী ভূমিকা রাখবে। প্রশিক্ষণার্থীগণ এই কোর্সটি তাদের সকল সহকর্মীগণের জন্য যেন বাস্তবায়ন করা হয় তার অনুরোধ করেছেন। তারা মনে করেন তাদের সকল সহকর্মীকে এ প্রশিক্ষণটি প্রদান করা হলে ইউনিয়ন পর্যায়ে দক্ষ কর্মী তৈরি হবে যা ইউনিয়ন পরিষদের কাজে অত্যন্ত সহায়ক হবে।

**৫.১০ কোর্স সম্পর্কে কোর্স পরিচালক ও সমন্বয়কগণের মতামত:** গ্রাম পুলিশ নিয়োগের ১ বছরের মধ্যে তাদের বুনিয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা এবং তাদের জন্য নিয়মিত প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করেছেন। প্রশিক্ষণের শুরু থেকে ধারাবাহিকভাবে মডিউলে বর্ণিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করায় গ্রাম পুলিশগণের কর্মসম্পাদনা বিষয়ক জ্ঞানের ইতিবাচক পরিবর্তন ঘটেছে। একইসাথে শৃঙ্খলাবোধেরও উন্নয়ন হয়েছে। বিভিন্ন আইনের বিষয়ে প্রাথমিক ধারণা পেয়েছে। এছাড়া গ্রাম পুলিশগণের কাজের সাথে সরাসরি সম্পৃক্ত নয় এরূপ কিছু বিষয় যেমন- পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধি ইত্যাদি বিষয়গুলো বাদ দিয়ে তাদের দায়িত্বের সাথে সম্পৃক্ত নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত করার সুপারিশ করেছেন।

- ইউনিয়ন পরিষদের এবং নিজের ও পরিবারের পরিস্কার-পরিচ্ছন্নতায় করণীয়;
- উত্তম খাদ্যাভ্যাস তৈরিতে করণীয়;
- জনসচেতনতা তৈরিতে করণীয়;
- ত্রাণ বিতরণে করণীয়;
- সরকারের তথ্য প্রচার-প্রচারণাতে করণীয়;
- এনজিও কাজে ও উন্নয়নমূলক কার্যক্রমে তদারকি;
- উর্দ্ধতন কর্তৃপক্ষের আগমনে অভ্যর্থনা ও খাবার পরিবেশন;
- উন্নয়ন প্রকল্প কার্যক্রম পর্যবেক্ষণ ইউএনওকে রির্পোট প্রদান;
- বিভিন্ন মন্ত্রণালয়ের ওয়ার্ড এবং ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন কার্যাবলী;
- নিজেকে সুনাগরিক হিসেবে গড়ে তোলা এবং মানুষকে সঠিক পরামর্শ দেওয়া; এবং
- বিভিন্ন জরিপ কার্যক্রমে সহায়তা ও সঠিক তথ্য প্রদান করে, সঠিক উপকারভোগী বা আবেদনকারী যাচাই বাছাইয়ে তথ্য সরবরাহ ইত্যাদি।

কোর্সের বিষয়বস্তু নির্বাচনে পুনরায় প্রশিক্ষণ চাহিদা নিরুপনের মাধ্যমে আলোচ্য বিষয় সংযোজন ও বিয়োজন করা যেতে পারে বলে কোর্স পরিচালক ও সমন্বয়কগণ মতামত প্রদান করেছেন।

## ষষ্ঠ অধ্যায়
## ফলাফল ও সুপারিশ

**৬. ফলাফল ও সুপারিশ:**

**৬.১ প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন:** প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী সামগ্রিক মূল্যায়ন ফলাফল বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় গড়ে সর্বনিম্ন নাম্বার (০১-১০) প্রাপ্তির শতকরা হার ছিল ৫২% যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফলে সর্বনিম্ন নাম্বার প্রাপ্তির শতকরা হার কমে হয়েছে ০১%। প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন ফলাফলে মধ্য মানের (১১-২০) গড় নাম্বার প্রাপ্তির শতকরা হার ছিল ৪১% যা প্রশিক্ষণ পরবর্তী নিম্নমান থেকে বৃদ্ধি পেয়ে মধ্য মানের নাম্বার প্রাপ্তির শতকরা হার হয়েছে ৬৩% এবং প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় গড়ে সর্বোচ্চ নাম্বার (২১-২৫) প্রাপ্তির হার ছিল ০৭% যা পরবর্তী মূল্যায়ন ফলাফলে বৃদ্ধি পেয়ে শতকরা হার ৩৬% হয়েছে। প্রাপ্ত ফলাফলে দেখা যায়, অধিকাংশ প্রশিক্ষণার্থীগণের বিষয়ভিত্তিক আলোচনায় জ্ঞান ও প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

**৬.২ প্রশিক্ষণে আলোচ্য বিষয় দায়িত্বপালনে প্রাসঙ্গিকতা:** প্রতিবেদনে মোট ৮৮৫ জন প্রশিক্ষণার্থী বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। ফলাফল বিশ্লেষণে দেখা যায় ৭৫% প্রশিক্ষণার্থী বাস্তবায়িত কোর্সগুলো তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক হয়েছে বলে উল্লেখ করেছেন। প্রাসঙ্গিক হয়েছে বলেছেন ২৩% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছেন মাত্র ০২% প্রশিক্ষণার্থী। এর মাধ্যমে স্পষ্ট যে প্রশিক্ষণে আলোচ্য বিষয়গুলো প্রশিক্ষণার্থীগণের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল।

**৬.৩ প্রশিক্ষণে অংশগ্রহণ ও দায়িত্ব পালনে সহায়তা:** ফলাফল বিশ্লেষণে দেখা যায় ৭৮% প্রশিক্ষণার্থী বলেছেন যে, প্রশিক্ষণে অংশগ্রহণ তাদের জন্য খুবই সহায়ক হয়েছে বলে উল্লেখ করেছেন। সহায়ক হয়েছে বলেছেন ২১% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি সহায়ক বলেছেন মাত্র ০১% প্রশিক্ষণার্থী। এর মাধ্যমে স্পষ্ট যে এনআইএলজি'র প্রশিক্ষণ প্রশিক্ষণার্থীগণের দাপ্তরিক দায়িত্ব পালনে সহায়ক হচ্ছে।

**৬.৪ প্রশিক্ষণ পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে সহায়ক:** ফলাফল বিশ্লেষণে দেখা যায় ৬৬% প্রশিক্ষণার্থী প্রশিক্ষণটি তাদের পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে খুবই সহায়ক হয়েছে বলে উল্লেখ করেছেন। সহায়ক হয়েছে বলেছেন ৩২% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি সহায়ক বলেছেন মাত্র ০২% প্রশিক্ষণার্থী। এতে বলা যায়, প্রশিক্ষণটি প্রশিক্ষণার্থীগণের পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে সহায়ক হচ্ছে।

### ৬.৫ ভবিষ্যতে কোর্সগুলোতে যেসব বিষয় অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়েছে

### ৬.৫.১ ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স

- ইউনিয়ন পরিষদে ডিজিটাল উপকরণ ব্যবহার পদ্ধতি;
- ইন্টারনেট ব্রাউজ ও ই-মেইল ব্যবহার এবং
- খেলাধুলার ইভেন্ট আরও বেশি (ফুটবল ও ক্রিকেট টুর্নামেন্ট) যুক্ত করা।

### ৬.৫.২ ইউপি চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা প্রশিক্ষণ' কোর্স

- বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন;
- ইউনিয়ন পরিষদের বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া;
- উপজেলা পরিষদের দপ্তরসমূহের পরিচিতি; এবং
- সেবাসমূহ ও ডিজিটাল সেবাসমূহের পরিচিতি।

**৬.৫.৩ গ্রামপুলিশ বাহিনীগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স**

- ইউনিয়ন পরিষদ, নিজের ও পরিবারের পরিস্কার-পরিচ্ছন্নতায় করণীয়;
- উত্তম খাদ্যাভ্যাস তৈরিতে করণীয় এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের আগমনে অভ্যর্থনা ও খাবার পরিবেশন;
- জনসচেতনতা তৈরি ও সরকারের তথ্য প্রচার-প্রচারণাতে করণীয়;
- এনজিও কাজে ও উন্নয়নমূলক কার্যক্রমে তদারকি এবং উন্নয়ন প্রকল্প পর্যবেক্ষণ ও ইউএনওকে রির্পোট প্রদান পদ্ধতি;
- বিভিন্ন মন্ত্রণালয়ের ওয়ার্ড এবং ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন কার্যাবলী;
- নিজেকে সুনাগরিক হিসেবে গড়ে তোলা এবং মানুষকে সঠিক পরামর্শ দেয়া; এবং
- ত্রাণ বিতরণে করণীয় এবং বিভিন্ন জরিপ কার্যক্রমে সহায়তা ও সঠিক তথ্য প্রদান করে, সঠিক উপকারভোগী বা আবেদনকারী যাচাই বাছাইয়ে তথ্য সরবরাহ ইত্যাদি।

**৬.৬ আবাসন ব্যবস্থা**

**৬.৬.১ এনআইএলজি**

- ওয়াশরুম প্রতিদিন পরিস্কার করা;
- পর্যাপ্ত এরোসলের ব্যবস্থা রাখা এবং জানালায় নেট ব্যবহার করা; এবং
- হোস্টেল ভবনে ওয়াইফাইয়ের ব্যবস্থা করা।

**৬.৬.২ মাঠপর্যায়**

- আবাসিক সুবিধাসহ উন্নত প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের ব্যবস্থা করা;

**৬.৭ ডাইনিং ব্যবস্থাপনা**

- ডাইনিং এ সিটিং স্পেস বাড়ানো প্রয়োজন এবং খাবার পরিবেশন আরো স্বাস্থ্যসম্মত হলে ভালো হয়;
- গরমের সময় ডাইনিং (রুম-১) এসি ও ঠান্ডা পানির ব্যবস্থা করা যেতে পারে; এবং
- ডাইনিং ব্যবস্থাপনায় আরো স্টাফ থাকা প্রয়োজন।

**৬.৮ উপসংহার:** প্রতিবেদনটি প্রশিক্ষণের গুণগতমান বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে। এটি প্রশিক্ষণের অবকাঠামো, টেকনিক্যাল ও প্রশাসনিক দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, প্রশিক্ষণগুলো বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পাচ্ছে। ফলাফল বিশ্লেষণ ও সুপারিশে যে বিষয়গুলো উঠে এসেছে তা বাস্তবায়িত হলে প্রাতিষ্ঠানিক ও প্রশিক্ষণের গুণগতমান এবং প্রশিক্ষণার্থীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

সমাপ্ত

